# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৮৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো কেউ সম্মানহানী করলে বা কষ্ট দিলে নিজের জন্য তার প্রতিশোধ না নেওয়া

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ لَا يَنْتَقِمَ لِنَفْسِهِ مِنْ أَحَدٍ اعْتَرَضَ عَلَيْهَا أَوْ آذَاهَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ صَالِحِ بْنِ ذَرِيحٍ _ بِعُكْبَرَا _ أَخْبَرَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ: عَنْ عَائِشَةَ قَالَتْ: مَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ضَرَبَ خَادِمًا قَطُّ وَلَا ضَرَبَ امْرَأَةً لَهُ قَطُّ وَلَا ضَرَبَ بِيَدِهِ شَيْئًا قَطُّ إِلَّا أَنْ يُجَاهِدَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا نِيلَ مِنْهُ شَيْءٌ قَطُّ فَيَنْتَقِمُهُ مِنْ صَاحِبِهِ إِلَّا أَنْ يَكُونَ لِلَّهِ فَإِنْ كَانَ لِلَّهِ انْتَقَمَ لَهُ وَلَا عَرَضَ لَهُ أَمْرَانِ إِلَّا أَخَذَ بِالَّذِي هُوَ أَيْسَرُ حَتَّى يَكُونَ إِثْمًا فَإِذَا كَانَ إِثْمًا كَانَ أَبْعَدَ الناس منه.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 488 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৮৮. ‘আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে কখনই তাঁর দাসকে বা স্ত্রীকে প্রহার করতে দেখিনি। তিনি আল্লাহর রাস্তায় জিহাদ ব্যতিত নিজ হাত দিয়ে কখনই কোন কিছুকে প্রহার করেননি। কেউ তাঁকে কষ্ট দিলেও তিনি কখনই তার প্রতিশোধ নেননি, তবে সেটা যদি আল্লাহর জন্য হয়, তখন তিনি তার জন্য প্রতিশোধ নিতেন। দু'টি জিনিস তাঁর সামনে আসলে তিনি তুলনামূলক সহজটি গ্রহণ করতেন, যদি তাতে পাপ না হতো, আর পাপ হলে তখন তিনি তা থেকে সবচেয়ে বেশি দূরে থাকতেন।”[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ১০/১৯২; মুসনাদ আহমাদ: ৬/২২৯; সহীহ মুসলিম: ২৩২৮; তিরমিযী, আশ শামাইল: ৩৪১;

মুয়াত্তা ইমাম মালিক: ৩/৯৫; সহীহ আল বুখারী: ৩৫৬০; আদাবুল মুফরাদ: ২৭৪; আবু দাউদ: ৪৭৮৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৭০৩।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৫০৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন